অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/19/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটিতে সাশ্রয়ী আবাসন ডিকার্বোনাইজ করার জন্য এখন 16.5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন

বিদ্যমান ভবনের জন্য স্থিতিস্থাপক ও সমতার ডিকার্বোনাইজেশন উদ্যোগ কর্মসূচির মাধ্যমে স্টেট এবং সিটির অংশীদারিত্ব সম্প্রসারিত

আরো বেশি নিম্ন থেকে মধ্যম আয়ের বাসিন্দাদের লাভবান করতে বিনিয়োগটি বৈদ্যুতিক এবং শক্তিদক্ষ উন্নয়নকাজ সম্প্রসারণ করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে বিদ্যমান ভবনের জন্য স্থিতিস্থাপক ও সমতার ডিকার্বোনাইজেশন উদ্যোগ (Resilient and Equitable Decarbonization Initiative for Existing Buildings, REDi: EB) কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক সিটির বিদ্যমান সাশ্রয়ী আবাসনকে ডিকার্বোনাইজ ও উন্নত করার জন্য এখন 16.5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে। নিউ ইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ ও বিকাশ বিভাগ (New York City Department of Housing Preservation and Development, HPD) নিয়ন্ত্রিত ভবনের বৈদ্যুতিকায়ন এবং শক্তিদক্ষ রেট্রোফিট উন্নয়নের জন্য তহবিলের সুযোগ পাওয়া সাশ্রয়ী আবাসনের ভবন মালিক ও নির্মাতাদের আরো সহজ অ্যাক্সেস প্রদান করতে নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক সিটির মধ্যকার একটি সহযোগিতামূলক অংশীদারিত্বের সম্প্রসারণ এই তহবিল। HPD ভবনসমূহকে উচ্চদক্ষ বসবাসের স্থান হিসেবে আধুনিকায়ন করা হলে তা জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস করতে, গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ কম করতে এবং নিম্ন থেকে মধ্যম আয়ের বাসিন্দাদের জন্য ঘরের ভেতরের বাতাসের মান উন্নত করতে সাহায্য করবে।

"নিউ ইয়র্ক সিটির সাথে অংশীদারিত্বে আমরা ভবনের নিঃসরণ হ্রাস করতে এবং জলবায়ু সঙ্কটের মোকাবেলা করতে তহবিল অগ্রসর করছি," **গভর্নর হোকল বলেন**। "নির্মাতা ও ভবনের মালিকদের কাছে যাতে সাশ্রয়ী আবাসন রেট্রোফিট করার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানের অ্যাক্সেস থাকে তা আমরা নিশ্চিত করছি যাতে আমরা সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের ভবন ডিকার্বোনাইজ করতে পারি।"

আজকের ঘোষণার মাধ্যমে REDi:EB এর মাধ্যমে এখন 15 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে, নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) সাথে অংশীদারিত্বে HPD এর পরিচালনা করবে এবং স্পেস হিটিং ও অভ্যন্তরীণ গরম পানির উৎপাদনকে কৌশলগতভাবে বৈদ্যুতিক

করা এবং উন্নত ইন্স্যুলেশন, জানালা, এবং ভেন্টিলেশন ব্যবস্থার মাধ্যমে ভবনের এনভেলপকে উন্নত করার ক্রমবর্ধমান ব্যয়কে আওতাধীন করার জন্য আগে আসলে আগে পাবেন ভিত্তিতে এটি প্রদান করা হবে। প্রত্যেক প্রকল্পের জন্য সেরা সুযোগ নির্ণয় করার জন্য HPD, NYSERDA, এবং কারিগরি কনসালটেন্টগণ প্রকল্পের দলের সাথে কাজ করবে। ভবনপ্রতি সর্বোচ্চ 1 মিলিয়ন মার্কিন ডলার এবং একাধিক ভবনের প্রকল্পের জন্য সর্বোচ্চ 2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। নির্মাণ পর্যায়ের সময় HPD প্রকল্পকে প্রণোদনার তহবিল প্রদান করবে।

এছাড়াও, REDi:EB এ অংশগ্রহণকারী প্রকল্পের জন্য নকশা, নির্মাণ এবং নির্মাণ পরবর্তী সকল পর্যায়ে কারিগরি সহায়তা করার জন্য 1.5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে। **31 ডিসেম্বর, 2025 তারিখ** পর্যন্ত বা তহবিল শেষ হওয়ার আগ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম হ্যারিস বলেন, "NYSERDA এবং HPD এর সহযোগিতামূলক উদ্যোগটি পরিচ্ছন্ন ও দক্ষ প্রযুক্তির প্রতিলিপিযোগ্য ব্যবহার অগ্রসর করবে যা শক্তির ব্যবহার হ্রাস করবে এবং একাধিক পরিবারের ভবনের কার্বন পদচিহ্ন হ্রাস করবে। এই তহবিল শুধু নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের জন্য পরিচ্ছন্ন, আরামদায়ক এবং স্বাস্থ্যকর জীবনযাপনের অ্যাক্সেস সম্প্রসারণ করতে সাহায্য করবে না, বরং এছাড়াও আগামী বহু বছর ধরে জলবায়ু পরিবর্তনের প্রভাব সহ্য করার জন্য এইসব ভবনের স্থিতিস্থাপকতাকে বলীয়ান করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক সিটি আবাসন সংরক্ষণ ও বিকাশ বিভাগের কমিশনার অ্যাডোলফো ক্যারিয়ন জুনিয়র বলেন, "জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করার আমাদের মিশনের একটি অতি গুরুত্বপূর্ণ মুহূর্তকে REDi সম্ভব করে এবং একই সাথে টেকসই ও সাশ্রয়ী আবাসনের ন্যায্য অ্যাক্সেস নিশ্চিত করে। জলবায়ু পরিবর্তন আমাদের শহরের প্রত্যেক কোণাকে স্পর্শ করবে কিন্তু সবথেকে দুর্বল নিউ ইয়র্কবাসীরা এর প্রভাব সবথেকে বেশি গভীরভাবে অনুভব করবে। আরো টেকসই অনুশীলন তৈরি করা এবং একই সাথে সাশ্রয়ী আবাসন তৈরি ও সংরক্ষণে অতি মনোযোগী হয়ে থাকা আমাদের জন্য একটি নৈতিক বাধ্যবাধকতা। আজকে কীভাবে আমরা টেকসই আবাসন নির্মাণ করতে পারি শুধু সেটিকে আমরা পরিবর্তন করবো না, বরং এছাড়াও জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের সামগ্রিক লড়াইয়ে আবাসন যেই অপরিহার্য ভূমিকা পালন করে তার নতুন করে সংজ্ঞা প্রদান করছি।"

এই উদ্যোগটি HPD এর ব্যাপক স্থিতিস্থাপক ও সমতার ডিকার্বোনাইজেশন উদ্যোগের অংশ, এটি হলো একটি দীর্ঘমেয়াদি আবাসন ডিকার্বোনাইজেশন কর্মসূচি যা 2030 সাল পর্যন্ত একাধিক বর্তমান ও ভবিষ্যতের তহবিল ও কারিগরি সমর্থন কর্মসূচিকে এক আওতার অধীনে সম্মিলিত করে। আজকের ঘোষণাটি 2021 সালে শুরু করা 24 মিলিয়ন মার্কিন ডলারের HPD-NYSERDA রেট্রোফিট বৈদ্যুতিকরণ পাইলটের (HPD-NYSERDA Retrofit Electrification Pilot) অনুবর্তী, এটি 600টি গৃহস্থালি ধারণ করা 17টি ভবনের বৈদ্যুতিকরণ রেট্রোফিটের অর্থায়ন করেছে, এবং পাইলটের পাইপলাইনে আরো কয়েকশত গৃহস্থালি রয়েছে। পাশাপাশি, এইসব প্রকল্পের 50 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে অবস্থিত। পাইলট এবং REDi:EB উভয় কর্মসূচি স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) লক্ষ্যসমূহকে সমর্থন করে, যা হলো 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা, এবং বিনিয়োগের সুবিধার 40 শতাংশের লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ

যাতে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করা হয় তা নিশ্চিত করা। HPD সম্পর্কে আরো তথ্যের জন্য এবং এই উদ্যোগ সম্পর্কে নোটিফিকেশন পেতে সাইন আপ করার জন্য অনুগ্রহ করে HPD এর ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "বহু ডেটা এটি প্রমাণ করছে যে আবাসিক ভবন, বিশেষ করে পুরোনো ভবন ব্যাপকভাবে শক্তিতে অদক্ষ এবং গ্রিনহাউজ গ্যাসের প্রধান উৎপাদনকারী। সিটি এবং গভর্নর হোকলের NYSERDA এর মধ্যকার এই অংশীদারিত্ব আমাদের স্টেটব্যাপী পরিচ্ছন্ন শক্তি উদ্যোগের (Clean Energy Initiative) সম্পূরক যা অত্যন্ত দক্ষ, সম্পূর্ণ বৈদ্যুতিক সাশ্রয়ী আবাসনের জন্য প্রণোদনা ও কারিগরি সমর্থন প্রদান করে। HPD যেই আবাসন মজুদের তত্ত্বাবধান করে তার রেট্রোফিট ও আধুনিকায়নে সাহায্য করতে তাদের কাছে এখন অতি গুরুত্বপূর্ণ সংস্থান রয়েছে, যার দ্বৈত সুবিধা হলো ভবনের আয়ু বৃদ্ধি করা এবং একই সাথে ঘরের ভেতরে এবং আশেপাশের এলাকার পরিবেশের পরিস্থিতি উন্নত করা এবং একই সাথে বাসিন্দাদের জন্য আরো পরিচ্ছন্ন, আরো স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত করা।"

স্টেটের সিনেটর কেভিন পার্কার বলেন, "CLCPA লক্ষ্য অর্জনে দিকে আমরা অগ্রগতি অব্যাহত রেখেছি, তাই আমাদের বিদ্যমান আবাসনের মজুদের ডিকার্বোনাইজেশনকে আমাদের অগ্রাধিকার প্রদান করতে হবে। সাশ্রয়ী আবাসন খাতের জন্য এই সমর্থন প্রদান করার জন্য NYSERDA ও নিউ ইয়র্ক সিটির আমি প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট বলেন, "নিউ ইয়র্ক সিটিতে সাশ্রয়ী আবাসন ইউনিট ডিকার্বোনাইজ করতেন 16.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদানের আজকের ঘোষণাটি একটি সুসংবাদ। পরিচ্ছন্ন শক্তিতে আমাদের স্থানান্তর আমরা অব্যাহত রেখেছি, তাই কোনো নিউ ইয়র্কবাসী যাতে বাদ না পরে তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। স্টেটের অন্যান্য অংশেও সাশ্রয়ী আবাসনের জন্য তহবিল প্রদান করতে এমন কর্মসূচিকে সম্প্রসারিত হতে দেখার জন্য আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাফোর্ডেবল হাউজিং অ্যাসোসিয়েশনের (New York State Affordable Housing Association) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জোলি মিলস্টাইন বলেন, "উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জন করার জন্য সাশ্রয়ী আবাসনের ডিকার্বোনাইজেশন অত্যাবশ্যকীয়, বিশেষ করে নিউ ইয়র্ক সিটির মতো ঘনবসতিপূর্ণ শহুরে পরিবেশে যেখানে নির্মিত পরিবেশ সার্বিক নিঃসরণের দুই তৃতীয়াংশের জন্য দায়ী। বিদ্যমান ভবনের জন্য স্থিতিস্থাপক ও সমতার ডিকার্বোনাইজেশন উদ্যোগ কর্মসূচিটি বিদ্যমান ভবনে অত্যাবশ্যকীয় শক্তি দক্ষতার উন্নয়ন সম্প্রসারিত করতে এবং সিটির সার্বিক কার্বন পদচিহ্ন কম করতে সাহায্য করার জন্য নির্মাতাদের অতি গুরুত্বপূর্ণ সংস্থান প্রদান করবে এবং একই সাথে সাশ্রয়ী আবাসন সঙ্কটের সমাধান করবে। পাঁচটি বরোতে সকল এলাকায় আরো পরিচ্ছন্ন, আরো সবুজ, এবং আরো স্বাস্থ্যকর সাশ্রয়ী বাসায় বিনিয়োগ করার ব্যাপারে সিটি ও স্টেটের নেতৃবৃন্দের চলমান প্রতিশ্রুতির জন্য NYSAFAH তাদের ধন্যবাদ জানাচ্ছে।"

নিউ ইয়র্ক জলবায়ু ও শক্তির প্রাকৃতিক সংস্থান প্রতিরক্ষা পরিষদের (New York Climate & Energy Natural Resources Defense Council) নীতিমালার পরিচালক সামান্থা উইল্ট বলেন, "ডিকার্বোনাইজেশন রেট্রোফিট নিউ ইয়র্ক সিটির বিদ্যমান সাশ্রয়ী আবাসনকে রূপান্তরিত করতে পারে। সাশ্রয়ী আবাসনে বিনিয়োগ করা NYSERDA তহবিল আমাদের সবথেকে দুর্বল কিছু সম্প্রদায়ে বাতাসের মান উন্নত করবে এবং জনস্বাস্থ্যকে সুরক্ষিত রাখবে। নতুন এই তহবিল প্রবাহের মাধ্যমে এর জলবায়ু লক্ষ্যের আরো কাছে পৌঁছাতে স্টেট আরো সম্পূর্ণ বৈদ্যুতিক অ্যাপ্লায়েন্স ও শক্তি দক্ষ উন্নয়ন প্রদান করবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) আবাসন ও ভবন কমিটির (Committee on Housing and Buildings) প্রধান পিয়েরিনা স্যানচেজ বলেন, "উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জন করার জন্য সাশ্রয়ী আবাসনের ডিকার্বোনাইজেশন অত্যাবশ্যকীয়, বিশেষ করে নিউ ইয়র্ক সিটির মতো ঘনবসতিপূর্ণ শহুরে পরিবেশে যেখানে নির্মিত পরিবেশ সার্বিক নিঃসরণের দুই তৃতীয়াংশের জন্য দায়ী। বিদ্যমান ভবনের জন্য স্থিতিস্থাপক ও সমতার ডিকার্বোনাইজেশন উদ্যোগ কর্মসূচিটি বিদ্যমান ভবনে অত্যাবশ্যকীয় শক্তি দক্ষতার উন্নয়ন সম্প্রসারিত করতে এবং সিটির সার্বিক কার্বন পদচিহ্ন কম করতে সাহায্য করার জন্য নির্মাতাদের অতি গুরুত্বপূর্ণ সংস্থান প্রদান করবে এবং একই সাথে সাশ্রয়ী আবাসন সঙ্কটের সমাধান করবে। পাঁচটি বরোতে সকল এলাকায় আরো পরিচ্ছন্ন, আরো সবুজ, এবং আরো স্বাস্থ্যকর সাশ্রয়ী বাসায় বিনিয়োগ করার ব্যাপারে সিটি ও স্টেটের নেতৃবৃন্দের চলমান প্রতিশ্রুতির জন্য NYSAFAH তাদের ধন্যবাদ জানাচ্ছে।"

ভবন হলো নিউ ইয়র্ক স্টেটের গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের সবথেকে উল্লেখযোগ্য উৎসগুলির একটি, এবং NYSERDA এবং ইউটিলিটি কর্মসূচির মাধ্যমে ভবন ডিকার্বোনাইজ করতে 6.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করা হচ্ছে। ভবনের শক্তি দক্ষতা উন্নত করা এবং স্টেটব্যাপী অনসাইট স্টোরেজ, নবায়নযোগ্য, এবং বৈদ্যুতিক যানবাহনের চার্জিং সরঞ্জাম স্থাপনের মাধ্যমে স্টেট এর কার্বন নিঃসরণ হ্রাস করবে এবং 2025 সালের মাধ্যমে 185 TBtu অনসাইট শক্তি ব্যয় হ্রাস করার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনের দিকে অগ্রসর হবে, যা 1.8 মিলিয়ন বাসার প্রয়োজনীয় শক্তির সমতুল।

স্টেটের পরিচ্ছন্ন শক্তি তহবিলের (Clean Energy Fund, CEF) মাধ্যমে এই কর্মসূচির অর্থায়ন করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ

ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন